ভিসা ও নিরাপত্তা

শাইখ আবু মুহাম্মাদ আইমান

অনুবাদঃ মুফতি আনাস আব্দুল্লাহ দাঃ বাঃ

আল-ফজর

ভিসা ও নিরাপত্তা

শাইখ আবু মুহাম্মাদ আইমান হাফিযাহুল্লাহ

অনুবাদ

মুফতি আনাস আবদুল্লাহ দাঃ বাঃ

শাইখের কিতাব "আত-তাবরিয়া"(التبرئة) থেকে সংকলিত

ভিসা ও আমান

“ওয়াসিকাতুত তারশীদ” এর লেখক বলেছেন - ভিসা হল কোন রাষ্ট্রে প্রবেশেচ্ছুক মুসলিমের জন্য উক্ত রাষ্ট্রের পক্ষ থেকে আমান বা নিরাপত্তানামা। একারণে উক্ত মুসলিমের উপর আবশ্যক হল, ঐ রাষ্ট্রের পক্ষ থেকে তাকে যে নিরাপত্তা দেওয়া হয়েছে, তার বদলায় উক্ত রাষ্ট্রকেও তার পক্ষ থেকে নিরাপত্তা দেওয়া। সে যদি উক্ত রাষ্ট্রের সম্পদ বা তার অধিবাসীদের উপর আক্রমণ করে, তবে সে গাদ্দার, বিশ্বাসঘাতক ও শাস্তির উপযুক্ত বলে বিবেচিত হবে।

আমি এই পরিচ্ছেদে এই মাসআলাটি কিছুটা বিস্তৃত পরিসরে আলোচনা করব এবং নিম্নোক্ত শিরোনামগুলোর অধীনে বিষয়টির পর্যালোচনা করব:

১- ভূমিকা।

২- ভিসা কি আমান?

৩- আমরা যদি মেনে নেই যে, ভিসা আমান, তাহলে প্রশ্ন হল, কাফেরের পক্ষ থেকে মুসলিমকে নিরাপত্তা দেওয়ার কারণে কি মুসলিমের পক্ষ থেকেও কাফেরের নিরাপত্তা সাব্যস্ত হয়ে যায়?

৪- আমরা যদি মেনে নেই যে, কাফেরের পক্ষ থেকে মুসলিমকে আমান দেওয়ার কারণে মুসলিমের পক্ষ থেকেও কাফেরের নিরাপত্তা সাব্যস্ত হয়ে

যায়, তাহলে প্রশ্ন হল, এই নিরাপত্তা কি মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ ও সীমালঙ্ঘন করা অবস্থায়ও বহাল থাকবে?

৫- ভিসা আমান হওয়ার ব্যাপারে লেখকের দলিলগুলোর পর্যালোচনা।

৬- সারসংক্ষেপ।

৭- শেষ কথা।

ভূমিকা

ভিসার মাসআলাটি একটি আধুনিক মাসআলা। যার ব্যাপারে কুরআন, সুন্নাহ, ইজমা বা পূর্ববর্তী ফুকাহাদের কোন বক্তব্য নেই। শুধু তাই নয়, কতিপয় সমসাময়িক ফকীহ ভিসাকে আমেরিকায় আক্রমণ পরিচালনার জন্য বাঁধা হিসাবে গ্রহণযোগ্য নয় বলে ফাতওয়া দিয়েছেন। যেমন শায়খ নাসির আল-ফাহদ (আল্লাহ তাকে কারামুক্ত করুন)

তাদের অনেকে আমেরিকায় ৯/১১ আক্রমণের জন্য খুশি হয়েছেন, সন্তুষ্টি প্রকাশ করেছেন এবং এ আক্রমণ যে পন্থায় করা হয়েছে, তা জানা সত্ত্বেও যারা এ আক্রমণ পরিচালনা করেছেন তাদের প্রশংসা করেছেন। যেমন শায়খ হামুদ বিন উকলা আশ-শুয়াইবি, শায়খ হুসাইন ওমর ইবনে মাহফুজ, শায়খ আবু মুহাম্মদ আলমাকদিসী, শায়খ আবু কাতাদা ও শায়খ আব্দুল্লাহ আর-রাশুদ।

এটি একটি মতবিরোধপূর্ণ ও গবেষণাগত মাসআলা। **যিনি এতে তৃপ্তিবোধ করবেন না, তিনি তা গ্রহণ করবেন না। আর যিনি তৃপ্তিবোধ করবেন, তার জন্য তা গ্রহণ করার সুযোগ রয়েছে।**

ফিকহুল জিহাদে ফুকাহায়ে কেরামের এমন অনেক ইখতিলাফের উদাহরণ রয়েছে, যার ফলাফল ব্যাপক। যেমন মুশরিক ও মূর্তিপূজারীদের ব্যাপারে ইখতিলাফ, মুরতাদ নারীকে হত্যার ব্যাপারে ইখতিলাফ এবং এছাড়াও আরো বিভিন্ন মাসআলায় ইখতিলাফ।

ভিসা কি নিরাপত্তা আমান?

ভিসার সংজ্ঞা কি?

(১) 'মাওসুআতুল ব্রিতানিয়া ২০০৩' (এনসাইক্লোপিডিয়া ব্রিটানিয়া) এ পাসপোর্ট সংক্রান্ত আলোচনায় ভিসার যে সংজ্ঞা দেওয়া হয় তার অনুবাদ-

"অধিকাংশ দেশই তার সীমানায় প্রবেশেচ্ছুক প্রবাসীদের উপর ভিসা সংগ্রহ করা আবশ্যক করে। ভিসা হল, সংশ্লিষ্ট রাষ্ট্রের কর্তৃপক্ষ থেকে পাসপোর্টের ব্যাপারে একটি সত্যায়নপত্র, যা একথা বুঝাবে যে পাসপোর্টটি যাচাই করা হয়েছে এবং এর বাহক যাওয়ার উপযুক্ত। ভিসা প্রবাসীকে কোন দেশে নির্দিষ্ট মেয়াদ পর্যন্ত অবস্থান করার অনুমোদন দেয়।"

(২) "মাওসুআতু ইনকারতা ২০০৬" (এনসাইক্লোপিডিয়া এনকার্টা) ভিসার যে সংজ্ঞা দিয়েছে তার অনুবাদ:

"ভিসা: রাষ্ট্রীয় এমন সত্যায়ন যা রাষ্ট্রীয় কর্তৃপক্ষের পক্ষ থেকে পাসপোর্টের মধ্যে দেওয়া হয়। এটা বুঝায় যে, সে যে দেশে ভ্রমণ করার নিয়ত করেছে উক্ত দেশের কর্তৃপক্ষের পক্ষ থেকে পাসপোর্টটি যাচাই করা হয়েছে এবং তাকে উপযুক্ত পাওয়া গেছে, তাই এর বাহক আইনগতভাবে তার গন্তব্যে যেতে অনুমোদিত।"

(৩) উক্ত মাওসুআর সাথে সংযুক্ত অভিধানে ভিসা শব্দের যে অর্থ করা হয়েছে তার অনুবাদ-

(ক) বিশেষ্য: এটা তার বাহককে কোন দেশে প্রবেশ করার বা উক্ত দেশ ত্যাগ করার বা উক্ত দেশের অভ্যন্তরে ভ্রমণ করার অনুমোদন দেয়। ভিসা হল, পাসপোর্টের মধ্যে পাসপোর্টের ব্যাপারে বা কোন অঞ্চলে ভ্রমণের ব্যাপারে রাষ্ট্রীয় সম্মতি।

অথবা অন্য কথায় ভিসা হল রাষ্ট্রীয় অনুমোদনপত্র।

(খ) কারক: ১- ভিসার সাথে একটি প্রমাণপত্র দেওয়া। ভিসাটি পাসপোর্টের ভেতর বা অন্য কোন প্রমাণপত্রে যুক্ত করা।

২- কাউকে ভিসা দেয়া,

ভিসার সংজ্ঞা ও অর্থ থেকে স্পষ্ট হয় যে, এর মধ্যে নিরাপত্তা প্রদানের ব্যাপারে সামান্য ইঙ্গিতও নেই।

(৪) যদি বলা হয় যে, এখানে যদিও লিখিত শাব্দিক চুক্তির মাধ্যমে নিরাপত্তাচুক্তি হয় না, কিন্তু মানুষের মাঝে প্রচলিত অঘোষিত একটি চুক্তির মাধ্যমে এই নিরাপত্তা সাব্যস্ত হয়- তাহলে একথার উপর একটি বড় ধরণের প্রশ্ন আসবে যে, **এই চুক্তির পক্ষগুলো কারা?**

এখানে কি মুজাহিদদের পক্ষ থেকে একদিকে আমেরিকার সাথে এবং অপরদিকে আমেরিকা ও তার মিত্রদের সাথে এমন চুক্তি হয়েছে, যে চুক্তি শাব্দিকভাবে বা প্রচলনগতভাবে এই নিরাপত্তা প্রদান করে? নাকি এর বিপরীতটিই বাস্তবতা? যা সামনে বিস্তারিতভাবে পাঠকদের নিকট স্পষ্ট হবে।

(খ) যদি বলা হয় যে, এই চুক্তি ভিসার ব্যাপারে আন্তর্জাতিক ঐক্যমত্য, কনস্যুলার কার্যক্রম ও এ সংশ্লিষ্ট প্রচলনের দ্বারা সম্পাদিত হয়েছে, তাহলে এর উত্তর স্পষ্ট: **এ ধরণের মতৈক্য মেনে চলা আমাদের উপর আবশ্যক না।** শায়খ হামুদ বিন আল-উকলা আশ-শুয়াইবি রাহিমাহুল্লাহ ও শায়খ নাসির

আলফাহ্‌দ (আল্লাহ্‌ তাকে কারামুক্ত করুন) এর বক্তব্য এ বিষয়টিকে আরো সুদৃঢ় করেছে।

এখন যদি বলা হয়, আমরা আপনাদের জন্য মেনে নিলাম যে মুজাহিদগণ শাব্দিক-প্রচলনগত কোনভাবেই আমেরিকান নিরাপত্তাচুক্তির মধ্যে নেই। কিন্তু মুজাহিদগণ তো, বিশেষ করে ১১ সেপ্টেমম্বরের মুজাহিদগণ তো ইমারাতে ইসলামিয়ার পাসপোর্ট নিয়ে আমেরিকায় প্রবেশ করেনি। বরং মিশর, সৌদি, লেবানন ও আরব আমিরাতের পাসপোর্ট নিয়ে প্রবেশ করেছে। আর এ সকল রাষ্ট্রগুলো তো আমেরিকার সাথে আমানের মধ্যে মধ্যে আছে?

এই বক্তব্যও ভুল হবে। কারণ এসকল রাষ্ট্রের মুসলিমগণ এবং এছাড়াও সকল মুসলিমগণই আমেরিকার কারণে অসংখ্য বিপদ ও দুর্যোগের মধ্যে আছে। চাই নিজ দেশের অভ্যন্তরে হোক বা বাইরে হোক।

শুধু আমেরিকায় নয়, নিজ দেশেই কোন মুসলিম কি পারবে মৃত্যু ও ধ্বংসের মুখে আমেরিকার রাষ্ট্রীয় পলিসির বিরোধিতা করতে? শায়খ আবু আলী আলহারেসীর হত্যার ঘটনা এর সুস্পষ্ট দলিল।

"ওয়াসিকাতুত তারশীদ" এর লেখকও আমেরিকান রাজনীতির শিকার হয়েছেন। তিনি ইয়ামানী প্রশাসনের সাথে দীর্ঘ সাত বছর সত্যিকারার্থে এক বিস্ময়কর জীবন যাপন করেছেন। এরপর যখন আমেরিকা চাইল তাকে কারারুদ্ধ করতে, তখন কারারুদ্ধ করে ফেলল। কিন্তু তিনি বাস্তবতাকে উল্টিয়ে দিলেন। তিনি মনে করেন তার বিপদাপদের কারণ হল মুজাহিদগণ, আর এমন বলাই সহজ কারণ এরাই অপেক্ষাকৃত দুর্বলপক্ষ। এছাড়া যেহেতু তিনি বড় বড় লিডারদের সন্তুষ্ট করতে ব্যস্ত এবং এর মাধ্যমেই উত্তরণের পথ খুজেন।

প্রকৃতপক্ষে যারা এই প্রমাণপত্র প্রকাশ করার দায়িত্ব পালন করেন, তারা কোন রাষ্ট্রীয় নিরাপত্তার অমুক পাশা বা তমুক বেগ নয়। বরং তারা হল,

আমেরিকান অনুসন্ধান ও গোয়েন্দা বিভাগের সন্ত্রাস দমনে অভিজ্ঞ ব্যক্তিবর্গ এবং অন্যান্য পাশ্চাত্যবাদী ও এ বিষয়ের বিশেষজ্ঞরা।

প্রকৃতপক্ষে মুসলিমগণ আমেরিকায়, পশ্চিমা দেশগুলোতে বা তাদের নিজ দেশে, এমনকি সারা বিশ্বের কোথাও আমেরিকার কাছ থেকে নিরাপদ না। সর্বত্র মুসলিমরা আমেরিকান ভয়, ত্রাস ও নির্যাতনের মধ্যে দিনাতিপাত করছে। আমেরিকাই মুসলিমদের বিরুদ্ধে সর্বোচ্চ জঘন্য অপরাধে লিপ্ত হয়েছে। এমনকি তারা মুসলিমদের সাথে যে সমস্ত চুক্তি করেছে, যেমন বন্দীদের ব্যাপারে জেনেভা কনভেনশন মেনে চলা, সেগুলোও ভঙ্গ করেছে। মুসলিমদেরকে অত্যাচার করেছে, তাদের জন্য গুয়ান্তানামো কারাগার তৈরী করেছে। ১১ সেপ্টেম্বর হামলার ব্যাপারে কংগ্রেসের বক্তব্য থেকেই এর স্বীকৃতি পাওয়া গেছে। তবে নমনীয় সুরে।

তাহলে আমেরিকান পলিসি থেকে নিরাপত্তা -আমান কোথায় আছে?

আমেরিকা দাবি করে, তারা বন্দি-অধিকার ও মানবাধিকারকে শ্রদ্ধা করে এবং মানবাধিকার বিরোধী যেকোন নির্যাতন, অমানবিক কারারুদ্ধকরণ ও যেকোন ধরণের সীমালঙ্ঘনের বিরোধিতা করে। অথচ আমেরিকাই বন্দি মুসলিমদের উপর নিষ্ঠুর নির্যাতন চালানোর কথা স্বীকার করেছে। তারা বিশ্বের সর্বাস্থানের মুসলিমদেরকে কোন ধরণের বিচারিক নির্দেশনা বা অভিযোগপত্র ব্যতিত শুধু নিজেদের খেয়াল-খুশিমত গ্রেফতার করে চলেছে। অত:পর নিজেদের ইচ্ছেমত দীর্ঘসময় ধরে গোপন কারাগারে রেখে দিচ্ছে, যেগুলোর ব্যাপারে তারা ছাড়া আর কেউ জানে না। সেখানে তারা জঘন্য নির্যাতন ও তথ্য উদ্ধারের সব ধরণের নিকৃষ্ট পন্থা অবলম্বন করছে। তাহলে আমেরিকা - যারা মুসলিমদের উপর সীমালঙ্ঘন করে চলেছে। তাদের নিজেদের স্বীকৃত নীতিগুলোও মানছে না, আর আন্তর্জাতিক আইনগুলোরও কোন তোয়াক্কা করছে না – তাদের কাছ থেকে নিরাপত্তা বা আমান কিভাবে লাভ হল?

ইরাকের ব্যাপারে আমেরিকা দাবি করেছে, সাদ্দামের নিকট ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র রয়েছে, তাই জাতিসঙ্ঘকে ইরাক আক্রমণের আবেদন করেছে। কিন্তু যখন তাদের ইচ্ছা বাস্তবায়িত হল না, তখন নিজেরাই ইরাকে আক্রমণ করে তা ধ্বংস করে দিল। কিন্তু কোন ব্যাপক ধ্বংসাত্মক অস্ত্র পেল না। অথচ আমেরিকা অন্যান্য দেশগুলোকে জাতিসঙ্ঘের আইন-কানুন না মানার জন্য জবাবদিহিতার সম্মুখীন করে।

অপরদিকে আমেরিকা বিরাট পারমাণবিক, রাসায়নিক ও জীবাণুমিশ্রিত অস্ত্রের অধিকারী। কিন্তু তারা অন্যদের উপর এটা হারাম করে রেখেছে, যেন বিশ্ব তাদের হুমকির মধ্যে থাকে। তাই সমস্ত মুসলিমগণ, এমনকি সমস্ত মানবজাতি আমেরিকার ভয়, নির্যাতন ও নিপীড়নের মধ্যে আছে।

তাহলে কোথায় সেই প্রথাগত আমান, যেটার কথা এই লেখক বলছে। তারপর আবার তার পক্ষে অনেক ফিকহী সূত্রের মাধ্যমে দলিল পেশ করেছেন। যেমন:

“প্রথাগতভাবে প্রচলিত নীতি শর্তের মাধ্যমে শর্তকৃত নীতির ন্যায়।”

“প্রচলন ফায়সালাকারী”।

বরং প্রথা ও প্রচলন তো হল, সারা বিশ্বের মানুষ আমেরিকান সন্ত্রাস, আমেরিকান গাদ্দারি ও আমেরিকান প্রতারণার রাজনীতির ভয়ে আছে। এটাই বাস্তবতা। এর থেকে উদাসীন ব্যক্তির জন্য ফাতওয়া দেওয়ার বা মুসলমানদের বর্তমান অবস্থার ব্যাপার কথা বলার অধিকার নেই। **কারণ বাস্তবতার খবর রাখা ও তা উপলব্ধি করা ফাতওয়া দেওয়ার জন্য একটি আবশ্যকীয় শর্ত। কারণ ফাতওয়া হল উপস্থিত পরিস্থিতির ব্যাপারে শরীয়তের হুকুম প্রদান করা।**

আমেরিকা নিজেকে এই অধিকার দিয়ে রেখেছে যে সে যেকোন মুসলিমকে তার ভিসা, আকামা বা পাসপোর্টের প্রতি লক্ষ্য করা ব্যতিত গ্রেফতার করতে পারে। এর অসংখ্য উদাহরণ থেকে কয়েকটি নিচে দেওয়া হল:

(১) আবু তালাল আল-আনসারীর অপহরণের ঘটনা। ক্রোয়েশিয়ার গোয়েন্দাবাহিনী তার ব্যাপারে অবগত হয়। অথচ তার সাথে ছিল ডেনমার্কের পাসপোর্ট এবং ক্রোয়েশিয়ার ভিসা। কিন্তু আমেরিকান গোয়েন্দা সংস্থা তাকে অপহরণ করে মিশরের হাতে সপে দেয়। ফলে এখনো পর্যন্ত কেউ জানে না, তার শেষ পরিণতি কী হয়েছে!

(২) জামাতুল জিহাদের ঐ সকল ভাইদের ঘটনা, যারা আলবেনিয়া ও অন্যান্য দেশ থেকে বের হয়েছিলেন। তারা আমেরিকান গোয়েন্দা সংস্থার লোকদের হাতে অপহৃত হন। ঐ সকল ভাইদেরকে আলবেনিয়া থেকে মিশরে নির্বাসিত করা হয় এবং সেখানে তারা নির্যাতন ও বন্দিত্বের শিকার হন। যাদের মধ্য থেকে দু'জনকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। তারা হলেন আহমাদ আন-নাজ্জার ও আহমাদ ইসমাঈল রহিমাহুমুল্লাহ। আর তাদের মধ্যে কেউ কেউ আলবেনিয়ান পুলিশদের সাথে সংঘর্ষে নিহত হন। ঐ সকল ভাইদের আলবেনিয়ান সরকারের নির্দেশে আলবেনিয়া থেকে বহিষ্কার করা হয়নি। কারণ আলবেনিয়ান সরকার তাদের অবস্থানের দ্বারা উপকৃত হচ্ছিল। তারা সেখানে রিলিফ সংস্থায় কাজ করতেন। আমেরিকার চাপের কারণেই এই ভাইদের আলবেনিয়া থেকে বের করে দেয়া হয়।

শুধু তাই না, তাদের কাউকে কাউকে আলবেনিয়ান বিচারকের সামনে উপস্থিত করা হলে বিচারক তাদেরকে ছেড়ে দেওয়ার আদেশ করেন। কারণ তাদের রাষ্ট্রীয় কাগজপত্র ছিল, অবস্থান করার জন্য দরকারী সব কাগজ ছিল এবং তারা এমন কোন অপরাধে লিপ্ত হননি, যাতে তারা শাস্তির উপযুক্ত হতে পারেন। কিন্তু বিচারক মুক্তি দেওয়ার পরও আমেরিকান গোয়েন্দা সংস্থা ও আলবেনিয়ান গোয়েন্দা সংস্থা যৌথভাবে তাকে গ্রেফতার করে।

ওয়াসিকার লেখক এ ঘটনা ভালভাবেই জানেন। স্বয়ং ঐ সকল ভাইদের মামালাতেই তার ব্যাপারে পঁচিশ বছরের কারাদণ্ডাদেশ দেওয়া হয়েছিল। একই দণ্ডাদেশের অধীনে মিশরের বিভিন্ন কারাগারে তিনি বন্দী থেকেছেন। কিন্তু তিনি এখন বাস্তবতাকে উল্টে দিয়ে এবং এর ব্যাপারে উদাসীনতা দেখিয়ে কারামুক্ত হওয়ার চেষ্টা করছেন।

(৩) শায়খ আবু হাজর আলইরাকী (আল্লাহ তাকে কারামুক্ত করুন!)এর অপহরণের ঘটনা। জার্মানির রাষ্ট্রীয় ভিসা নিয়ে সেখানে পৌঁছার কয়েকদিনের মাথায় তাকে গ্রেফতার করা হয়। অথচ তিনি জার্মানির কোন আইনের বিরোধিতায় লিপ্ত হননি। বরং জার্মান বিচারক সরাসরি তাকে বলেছে: আপনার সমস্যা আমেরিকার সাথে, জার্মানির সাথে আপনার কোন সমস্যা নেই!!

শায়খ আবু হাজর ও আলবেনিয়ার ভাইদের ঘটনা দু'টি ঘটেছিল ১১ সেপ্টেম্বরের **আগে**। যে ১১ সেপ্টেম্বরের ব্যাপারে ওয়াসিকার লেখক মনে করে যে, এটাই মুসলমানদের উপর সকল বিপদাপদ আসার কারণ।

(৪) ইতালি থেকে শায়খ আবু ওমরের অপহরণ, অত:পর শাস্তি দেওয়ার জন্য মিশরে নির্বাসন। অথচ তিনি রাষ্ট্রীয় আকামা ও বৈধ ভিসা বহন করছিলেন।

এসকল ঘটনায় এবং এমন আরো অসংখ্য ঘটনায় ভুক্তভোগীগণ সকলেই বৈধ পাসপোর্ট, রাষ্ট্রীয় ভিসা ও রাষ্ট্রীয় নিখুত বসবাসের অনুমোদন বহন করছিলেন। কিন্তু এগুলো তাদেরকে নির্বাসন দেওয়া, কারারুদ্ধ করা, নির্যাতন করা ও হত্যা করা থেকে রক্ষা করেনি। তাহলে সেই ভিসার আমান কোথায় গেল, যার কল্পনাও আমাদের কিছু লোক ব্যতিত কারো অন্তরে নেই?

অতএব, **যদি আমেরিকা ও পশ্চিমারা ভিসা বা পাসপোর্টের কোনও পরওয়া না করে, তাহলে আমরা কেন এটার পরওয়া করবো?**

এমনকি যদি এই ভিসা নিরাপত্তা চুক্তিও হয়, আর তারা তা লঙ্ঘন করে, তাহলে কি আমাদের জন্য কোন ঘোষনা না দিয়ে তাদের সাথে তাদের অনুরূপ মুআমালা করার অধিকার নেই? যেমনটা আমি আল্লাহর তাওফিকে সামনেই ইবনুল কায়্যিম রাহিমাহুল্লাহ এর সূত্রে বর্ণনা করব ইনশাআল্লাহ।

ভিসা কি কাফেরদের দেশে একজন মুসলিমকে নিজের জান, মাল, পরিবার ও দ্বীনের ব্যাপারে নিরাপত্তা দেয়?

(১) ভিসা কোন মুসলমানকে নিজের জানের ব্যাপারে নিরাপত্তা দেয় না।

(ক) এজন্যই এমন দেশে নির্বাসন দেওয়া হয়, যেখানে তাদেরকে নির্যাতন করা হবে, হত্যা করা হবে, কারারুদ্ধ করা হবে। পশ্চিমে অনেক দেশে রাজনৈতিক আশ্রয় গ্রহণকারীকে মিশর ও অন্যান্য দেশে নির্বাসিত করা হয়এছে। সেখানে তাদেরকে নির্যাতনের সম্মুখীন করা হয়েছে। তাদের মধ্যে অনেকে এখনো পর্যন্ত বন্দী আছেন।

এই লেখক এবং যারা তার মতের সাথে একমত পোষণ করেছিল তাদের মধ্য থেকেই কাউকে কাউকে আশ্রয়দানকারী রাষ্ট্রই মিশরের হাতে সপে দিয়েছিল নির্যাতন করার জন্য। শুধু তাই নয়, যে পশ্চিমা রাষ্ট্রটি রাজনৈতিক আশ্রয়প্রার্থীদের রক্ষা করা এবং মানবাধিকারকে শ্রদ্ধা করার দাবি করে সেই রাষ্ট্রেই রাজনৈতিক আশ্রয় গ্রহণকারী জনৈক ভাইয়ের সাথে উক্ত দেশের গোয়েন্দা সংস্থা এমন আচরণ করেছিল শুধুমাত্র একারণে যে, আমি আমার একটি ভাষণে তার দু'/একটি কথার মাধ্যমে দলিল পেশ করেছিলাম। তাই তারা তাকে এমন বিষয়ের ব্যাপার জেরা করে, যা সে করেনি এবং মত প্রকাশের স্বাধীনতার নামে পূর্বে তারাই যে মত প্রকাশ করতে অনুমোদন দিয়েছিল, তার জন্যও তাকে জবাবদিহিতার সম্মুখীন করে। আমি যখন উক্ত ভাইয়ের একটি কথাকে দলিল হিসাবে ব্যবহার করলাম, তখন তাদের সেই মত প্রকাশের স্বাধীনতা ধোঁয়ায় উড়ে গেল। এই ওয়াসিকার লেখক যে

নিরাপত্তাচুক্তির ধারণা করেন, তারা তাকে সামান্যও গণ্য করল না। বরং উক্ত ভাইকে নির্বাসিত করা ও শাস্তি দেওয়ার হুমকি দিল।

তাই যদি ভিসা তার বাহককে নিরাপত্তাই দিত, তবে অবশ্যই তাকে তার নিরাপদ স্থান পর্যন্ত পৌঁছে দেওয়া আবশ্যক ছিল। উক্ত দেশের জন্য তাকে বন্দী করা, শাস্তি দেওয়া বা হত্যা করার বৈধতা ছিল না।

অপরদিকে যাদেরকে নির্যাতন করার জন্য, বন্দী করার জন্য এবং হত্যা করার জন্য ঐ সকল রাষ্ট্রগুলো থেকে নির্বাসন দেওয়া হচ্ছিল, তাদের শুধু ওই সকল আদালতগুলোতে অভিযোগ করা ব্যতিত কোন কিছু করার অধিকার ছিল না। এই আদালতগুলো নিজেদেরকে নীতি নির্ধারণের ক্ষেত্রে একক অধিকারী মনে করে আর এটা বিবেচনাও করে না যে, ভিসা তার বাহককে এর থেকে রক্ষা করতে পারে বা তাকে নির্বাসিত করা থেকে নিরাপত্তা দিতে পারে। অতএব দেখা যাচ্ছে, যে রাষ্ট্র তাকে ভিসা দিয়েছে, সেই রাষ্ট্রই তাকে নির্বাসন দেওয়া বা বহাল রাখার অধিকার সংরক্ষণ করছে। আর যার ব্যাপারে নির্বাসনের ফরমান জারি করা হয়, তার শুধু এই মর্মে আদালতের দ্বারস্ত হওয়া ব্যতিত কোন অধিকার নেই যে, তাকে শাস্তি বা হত্যার সম্মুখীন করা হচ্ছে। কিন্তু সে কখনো নির্বাসন দেওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে এরকম সমালোচনা করার দু:সাহসিকতা দেখাতে পারবে না যে, এটা ভিসা তাকে যে নিরাপত্তা দিয়েছে, তার সাথে সাংঘর্ষিক। পশ্চিমা আদালতে এটার তারা কল্পনাও করতে পারে না।

(খ) পাশ্চাত্যে বসবাসকারী অনেক মুসলিমকে বন্দী করা হয়েছে এবং এখনো তারা কারাগারে আছে। কাউকে কাউকে তারা নিজ দেশে নির্বাসিত করার হুমকি দিচ্ছে, যেখানে তাকে শাস্তি দেওয়া বা হত্যা করা হতে পারে। অনেককে ছেড়ে দেওয়া হয়েছে, কিন্তু নজরবন্দী বা গৃহবন্দী করে রাখা হয়েছে। ফলে যদি তার বিধি-নিষেধ লঙ্ঘন করে, তবে পুনরায় কারারুদ্ধ করা হবে। এ সব কিছু করা হচ্ছে কোন ধরণের অভিযোগ উত্থাপন ব্যতিত। পশ্চিমারা এটা মনে করছে না যে, দেশের প্রবেশের ভিসা বা রাজনৈতিক

আশ্রয় তাদের এধরণের অপরাধকর্মগুলোর জন্য বাঁধা হবে। বরং তারা মনে করছে যারা তাদের মাঝে বসবাস করে বা তাদের দেশে প্রবেশ করে, তাদের সকলের উপর আদেশ-নিষেধ জারি করার ক্ষেত্রে তারা স্বাধীন। আমান রক্ষা করা বা তার প্রতি ভ্রুক্ষেপ করা বা তার ব্যাপারে কোনও কল্পনা করা ছাড়াই তারা এমন যেকোন আইন পাস করতে পারে, যা তার স্বাধীনতাকে সীমাবদ্ধ করে ফেলতে পারে। **প্রকৃতপক্ষে ভিসাকে আমান মনে করার কথাটি আমাদের একটি কল্পনাবিলাস মাত্র, পশ্চিমারা এ সম্পর্কে কিছুই জানে না। তারা জানলে হয়ত এটা নিয়ে বিদ্রূপ করত!**

(গ) এমনিভাবে অনেক সময় কোন প্রবাসী মুসলিম পশ্চিমা কোন দেশে কোন মামলায় ওয়ান্টেড হয়, কিন্তু সে তা জানে না। অত:পর যখন সে দূতাবাসে গিয়ে ভিসা চায়, অনেক সময় বিষয়টি তাকে না জানিয়ে ভিসা দিয়ে দেয়। অত:পর যখন সে তাদের বিমানবন্দরে যায়, তখন গ্রেপ্তার করে ফেলে। যদি ভিসা নিরাপত্তা চুক্তি হত, তাহলে তারা এটা করতে পারত না। শায়খ মুহাম্মদ আলইয়ামানী (আল্লাহ তাকে কারামুক্ত করুন!) এর ঘটনা প্রসিদ্ধ, সবার জানা। প্রথমে তার হাতে হামাসের অনুদানের অর্থ সোপর্দ করার কথা বলে তাকে জার্মানি যেতে দেওয়া হয়, অত:পর সেখানে যাওয়ার পর তাকে গ্রেফতার করে আমেরিকায় পাঠিয়ে দেওয়া হয়। এখনো পর্যন্ত তিনি কারাবন্দী আছেন। আমরা মুহাম্মাদ আন-নাফি আস-সুদানীর ঘটনা জানি, যাকে তার বিশ্বাসগাতক গুপ্তচর শশুর জামাল আল-ফজল জার্মানি যেতে দেয়। অত:পর তাকে আমেরিকান যুক্তরাষ্ট্রের গোয়েন্দা বাহিনীর চর হিসাবে কাজ করার প্রস্তাব দেয়। তিনি যখন তা প্রত্যাখ্যান করেন, তখন তাকে আমেরিকায় নির্বাসিত করা হয়। তারপর থেকে এখনো পর্যন্ত তিনি কারাগারে আছেন। এধরণের ঘটনাবলীর কোন অন্ত নেই।

ভিসা কি মুসলিমের পরিবারের ব্যাপারে নিরাপত্তা দেয়?

পশ্চিমা দেশগুলোর ভিসা অর্জনকারী ব্যক্তিও অনেক সময় নিজ পরিবারের উপর জুলুমের শিকার হন। তার কয়েকটি উদাহরণ নিন:

(ক) মুসলিমের সন্তানকে পশ্চিমা শিক্ষা শিখতে বাধ্য করা হয়। পিতা যদি বাচ্চাকে পশ্চিমা বিদ্যালয়ে পাঠাতে অমত করে, তাহলে তার কাছ থেকে সন্তানকে জোর করে নিয়ে নেওয়া হয়। তারপর কখনো অমুসলিম পিতা-মাতার কাছে দত্তক দেওয়া হয়।

(খ) একজন মুসলিম তার ছেলে-মেয়েকে নামায, রোজা, হজ্জ, এমনকি পবিত্রতা সংক্রান্ত বিধানগুলো পালন করতেও বাধ্য করতে পারে না। যদি এর কিছু বাধ্য করার চেষ্টা করে বা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এই হাদিস বাস্তবায়নের চেষ্টা করে –

مُرُوا أَبْنَاءَكُمْ بِالصَّلَاةِ لِسَبْعِ سِنِينَ وَاضْرِبُوهُمْ عَلَيْهَا لِعَشْرِ سِنِينَ..

"তোমরা তোমাদের সন্তানদেরকে নামাযের আদেশ করো তাদের সাত বছর বয়সে এবং তাদেরকে এর জন্য প্রহার করো দশ বছর বয়সে।"[১]

তখন প্রত্যাখ্যানকারী সন্তান বা প্রত্যাখ্যানকারী মা-বিশেষ করে যদি অমুসলিমা হয়- বা প্রতিবেশি বা বাচ্চার শিক্ষকের অধিকার আছে তার বিরুদ্ধে মামলা করার। এর ফলে কখনো তার থেকে তার বাচ্চাকে ছিনিয়ে নিয়ে অন্য কোন পরিবারে দিয়ে দেওয়া হয়, যারা কখনো অমুসলিমও হয়।

---

১ মুসনাদে আহমাদ- হাদিস নং- ৬৪৬৭, খণ্ড-১৪ পৃষ্ঠা-৫

(গ) ফ্রান্সের বিদ্যালয়গুলোতে একজন মুসলিমের কণ্যা পরিপূর্ণ হিজাব তো দূরের কথা, শুধুমাত্র মাথার হিজাবটুকু পরতে পারে না। কোন কোন দেশে নিকাব পরিধান করা নিষিদ্ধ করা হয়েছে।[২]

(ঘ) কোন মুসলিমের কন্যা যদি নাইটক্লাবে তার বন্ধুদের সাথে আনন্দ-ফূর্তি করতে বের হয়ে যেতে চায়, তবে সে তাকে নিষেধ করতে পারবে না। যদি এমন চেষ্টা করে, তাহলে মেয়ের অধিকার আছে বাপকে ধরার জন্য পুলিশ ডেকে আনার।

(ঙ) যদি তার কন্যা তার প্রেমিকাকে বাড়িতে ডেকে আনে, তাহলে বাবার বাঁধা দেওয়া অধিকার নেই। যদি বাঁধা দেওয়ার চেষ্টা করে, তবে মেয়ের পুলিশের সাহায্য নেওয়ার সুযোগ আছে, যাতে সে নিজ ইচ্ছামত যা চায় তা করতে পারে।

(চ) যদি পশ্চিমা দেশে বসবাসকারী কোন মুসলিম নিজ সন্তান নষ্ট হয়ে যাওয়ার ভয়ে কোন মুসলিম দেশে হিজরত করতে চায়, আর তার এই দেশী স্ত্রী তাতে বাঁধ সাধে, তাহলে উক্ত স্ত্রী তাকে রাষ্ট্রীয় শাস্তির ভয় দেখিয়ে শক্তিবলে বাঁধা দিতে পারে। শাস্তি হল, যেমন নির্বাসন দেওয়া বা সন্তানের বাসগৃহের নিকটবর্তী হওয়া থেকেও বঞ্চিত হওয়া। এ বিষয়ক ঘটনা বারবারই ঘটছে এবং অনেক প্রসিদ্ধ।

(ছ) কোন মুসলিম নিজ ছেলে মেয়েকে অশ্লীলতায় জড়িত হওয়া, মদ পান করা, জুয়া খেলা বা নগ্ন ভিডিও অনুষ্ঠানে উপস্থিত হওয়া বা অশ্লীল গানের আড্ডাখানায় উপস্থিত হওয়া থেকে বাঁধা দিতে পারবে না।

(জ) একজন মুসলিমের মেয়ে পাপিষ্ঠ বা কাফের যার সাথেই বিবাহ বন্ধনে আবদ্ধ হোক পিতামাতা তাতে আপত্তি করতে পারবে না।

---

২ বর্তমানে শুধু ফ্রান্সই না ইউরোপের অনেক দেশেই এমন আইন পাশ হয়েছে। অনুবাদক।

(ঝ) কোন মুসলিম দ্বিতীয় বিবাহ্ করলে তার বিরুদ্ধে পরওয়ানা জারি হয়ে যায়। কখনো তাকে গ্রেপ্তার করা হয় এবং বিবাহ্ বাতিল করে দেয়া হয়। এতে তার দ্বিতীয় বিবাহ্ করার শরয়ী অধিকার খর্ব করে তার সম্মানের উপর হামলা করা হচ্ছে। একারণে মুসলিমগণ সেখানে দ্বিতীয় বিবাহ্ করেন গোপনে। দ্বিতীয় বিবাহ্ ঘোষণা করার বা নিবন্ধিত করার মত দু:সাহকিতা দেখাতে পারেন না কেউ।

(ঞ) কোন মুসলিমের স্ত্রী যদি তার অবাধ্যতা করে, তার বিছানায় আসতে অস্বীকার করে এবং নিজ পবিত্রতা রক্ষার জন্য স্বামীকে যে অধিকার দেওয়া হয়েছে, তা থেকে তাকে বঞ্চিত করে, তাহলে উক্ত মুসলিম তার স্ত্রীর উপর কুরআনের হুকুম জারি করতে পারবে না। যেমন আল্লাহ্ তাবারাকা ওয়াতাআলা বলছেন:

وَاللَّاتِي تَخَافُونَ نُشُوزَهُنَّ فَعِظُوهُنَّ وَاهْجُرُوهُنَّ فِي الْمَضَاجِعِ وَاضْرِبُوهُنَّ فَإِنْ أَطَعْنَكُمْ فَلَا تَبْغُوا عَلَيْهِنَّ سَبِيلًا إِنَّ اللَّهَ كَانَ عَلِيًّا كَبِيرًا

“আর যে সকল স্ত্রীর ব্যাপারে তোমরা অবাধ্যতার আশংকা কর,(প্রথমে) তাদেরকে বুঝাও এবং (তাতে কাজ না হলে) তাদেরকে শয়ন শয্যায় একা ছেড়ে দাও এবং (তাতেও সংশোধন না হলে) তাদেরকে প্রহার করতে পার। অত:পর তারা যদি তোমাদের আনুগত্য করে, তবে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণের পথ খুঁজো না। নিশ্চিত জেন, আল্লাহ্ সকলের উপর, সকলের বড়।” (নিসা:৩৪)

যদি তার অসন্তুষ্টিতে তার হক গ্রহণ করার চেষ্টা করে, তবে তার স্ত্রীর অধিকার আছে তাকে বিচারের সম্মুখীন করার। কারণ সে তাকে “ধর্ষণ” করেছে। আর যখন প্রহার করার মাধ্যমে তার উপর কুরআনের হুকুম প্রয়োগ করতে চাইবে, তখন তার জন্য অপেক্ষা করবে জেলখানা।

(ট) কোন মুসলিম স্বামী বা মুসলিম স্ত্রী তার পাপিষ্ঠ সঙ্গীকে মদ্যশালায় উপস্থিত হতে বা নগ্ন সিনেমাহলে উপস্থিত হতে বাঁধা দিতে পারবে না। যখন তাদের কেউ বাচ্চাদের স্বভাব-চরিত্রের কথা ভেবে অপরজনকে বাধা দিতে চাবে, তখন তার জন্য অপেক্ষায় থাকবে পুলিশ।

(ঠ) যদি স্ত্রী বদদ্বীন বা অমুসলিম হয়, তাহলে সে মুসলিম-অমুসলিম যেকোন পুরুষের সাথে বন্ধুত্ব করলে বা তার জন্য নিজেকে উম্মুক্ত করে দিলে বা তাকে বাড়িতে ডেকে আনলে বা তার সাথে আনন্দ-ফূর্তি করলে স্বামী তাকে বাঁধা দিতে পারবে না।

ভিসার দাবি হিসাবে একজন মুসলিম কি নিজ সম্পদের ব্যাপারে নিরাপদ?

এমনিভাবে পশ্চিমা দেশে একজন মুসলিম নিজ সম্পদের ব্যাপারেও নিরাপদ নয়। সম্পদের উপর তাদের সীমালঙ্ঘনের উদাহরণ অনেক:

(ক) ট্যাক্স আরোপ করা। যা থেকে মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধ করা ও তাদেরকে হত্যা করার জন্য ব্যয় করা হয়। বাধ্য ও বলপ্রয়োগের শিকার হওয়া ছাড়া এই ট্যাক্স মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধকারী পশ্চিমা রাষ্ট্রগুলোকে দেওয়া জায়েয নেই। আর এমন কোন চুক্তি মেনে নেওয়া, যেটার কারণে এই ট্যাক্স আবশ্যক হয়, তা মহা গুনাহ। এখন যদি প্রশ্ন করা হয় যে, মুসলিম ব্যবসায়ীরা তো কাফেদেরকে উশর (সম্পদের একদশমাংশ) দিত? তাহলে উত্তর হল, এখানে বিষয়টি ভিন্ন:

১. সেই উশর দেওয়া হত মুসলিম-কাফেরের মাঝে সমান আদান-প্রদানের স্বার্থে। ফলে মুসলিম ব্যবসায়ীগণ কাফেরদের দেশে প্রবেশের সময় তাদেরকে উশর দিতেন, আবার তার সমপরিমাণই কাফের ব্যবসায়ীরাও মুসলিম দেশে প্রবেশ করার সময় মুসলিমদেরকে দিত। তাই সেটা ছিল বাজার রক্ষার স্বার্থে পরস্পর বিনিময়কৃত ট্যাক্স।

পক্ষান্তারে বর্তমানে প্রচলিত প্রতিরক্ষা ও নিরাপত্তা ট্যাক্স, যেটাকে তারা মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধে ও তাদের হত্যায় ব্যয় করে এর মধ্যে মুসলমানদের কোন স্বার্থ নেই। বরং এটা মুসলিমদের উপর নিরেট ক্ষতি, বিপদ ও জুলুম।

(২) এছাড়াও ঐ সকল ট্যাক্স, যা কাফেররা মুসলিম ব্যবসায়ীদের থেকে নিত, সেগুলো মুসলিমদের বিরুদ্ধে যুদ্ধের কাজেই ব্যয় হওয়া নিশ্চিত ছিল না। পক্ষান্তরে এ সকল ট্যাক্স নিরাপত্তা ও প্রতিরক্ষার জন্যই নেওয়া হয়। তারা তাদের রাষ্ট্রীয় আইনের মাধ্যমে এগুলোর সুনির্দিষ্ট লক্ষ্য-উদ্দেশ্য নির্দিষ্ট করে দেয়। এমনিক এগুলোর নির্দিষ্ট নাম ও শতকরা হারও নির্ধারণ করে ঘোষণা দিয়ে দেওয়া হয়। তাই এগুলো হল তাদের মৌলিক শত্রুদের বিরুদ্ধে যুদ্ধ করার জন্য মৌলিক ট্যাক্স। আর সেই শত্রু হল মুসলিমগণ।

ব্যবসায়ীদের উশর আর নিরাপত্তা ও প্রতিরক্ষা ট্যাক্সের মধ্যে পার্থ্যক্য স্পষ্ট করার জন্য আমি একটি প্রশ্ন করবো।

বর্তমানে যদি কোন মুসলিম আমেরিকান বা বৃটিশ সেনাবাহিনীকে বা নর্দান অ্যালায়েন্সকে স্বেচ্ছায় নিজের সম্পদ দান করে, তাহলে তার হুকুম কী হবে বলুন তো? উত্তর সকলের জানা। সে এমন গুরুতর গুনাহে লিপ্ত হল, যা কখনো কুফরী পর্যন্ত পৌঁছতে পারে। কখনো সে এর দ্বারা আল্লাহ তাবারাকা ওয়া তাআলার নিম্নোক্ত আয়াতের আওতায় চলে আসতে পারে-

يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا الْيَهُودَ وَالنَّصَارَى أَوْلِيَاءَ بَعْضُهُمْ أَوْلِيَاءُ بَعْضٍ وَمَنْ يَتَوَلَّهُمْ مِنْكُمْ فَإِنَّهُ مِنْهُمْ إِنَّ اللَّهَ لَا يَهْدِي الْقَوْمَ الظَّالِمِينَ

"হে মুমিনগণ! ইয়াহুদী ও খৃষ্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করো না। তারা নিজেরাই একে অপরের বন্ধু। তোমাদের মধ্যে যে ব্যক্তি তাদেরকে বন্ধু

বানাবে, সে তাদেরই মধ্যে গণ্য হবে। নিশ্চয়ই আল্লাহ জালিমদেরকে হেদায়াত দান করেন না।” (মায়িদা:৫১)

শায়খ আহমাদ শাকের রাহিমাহুল্লাহ তার ফাতওয়ায় এধরণের লোকের হুকুম বিস্তারিতভাবে লিখেছেন। যেটা আমি তৃতীয় পরিচ্ছেদে হুবহু তুলে ধরেছি।

সুতরাং প্রতিরক্ষা ও নিরাপত্তার জন্য গৃহিত এ সমস্ত ট্যাক্স বাধ্য হওয়া বা বলপ্রয়োগের শিকার হওয়া ব্যতিত কোন মুসলিমের জন্য দেওয়া জায়েয নেই। আর যে মুসলিমের মাল কঠোরতার মাধ্যমে এবং জোর করে নিয়ে নেওয়া হয়, তাকে কী নিরাপদ ধরা হবে?

(খ) যদি কোন মুসলিমের উপর অন্য কোন ব্যক্তির বা সরকারের ঋণ বিলম্বিত হয়ে যায়, যেমন সে লিজ নিল বা বিদ্যুৎ বিল পরিশোধে বিলম্ব হয়ে গেল বা এজাতীয় অন্য কোন ঋণ বিলম্বিত হয়ে গেল, তখন দেশের আইন অনুযায়ী ঋণের মুনাফা হিসাবে তাকে সুদ দিতে হয়। সে এই দলিল দিতে পারে না যে, এটা আমার উপর অর্থনৈতিক জুলুম। কারণ সুদ হারাম। আর ভিসার আমান অনুযায়ী আপনারা আমার উপর অর্থনৈতিক আক্রমণ করার অধিকার রাখেন না।

(গ) পশ্চিমে বসবাসকারী অনেক মুসলিমের সম্পদ বাজেয়াপ্ত করা হয়েছে, তার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে। শুধু তাই নয়, অন্য কেউ যে তাকে কিছু দান করবে, সেটাও নিষিদ্ধ করা হয়েছে। তাদের মধ্য থেকে অনেকের উপর এমন নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে জাতিসঙ্ঘের অনুমোদনক্রমে। তার বিরুদ্ধে কোন ধরণের অভিযোগ উত্থাপন বা কোন দলিল উপস্থাপন করা ব্যতিতই। এমনিভাবে অনেক জনকল্যাণমূলক বা সামাজিক সংগঠনের সম্পদও বাজেয়াপ্ত করা হয়েছে, যারা ফিলিস্তীন ও অন্যান্য দেশের মুসলিমদের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিত। এসব মুসলিমদের কাছে ভিসা বা রাজনৈতিক আশ্রয়গ্রহণ বা বিভিন্ন সংগঠনের ব্যাপারে রাষ্ট্রের পরিস্কার অনুমোদন থাকাও তাদেরকে সম্পদ বাজেয়াপ্ত

করতে বাঁধা দেয়নি। বরং পশ্চিমারা মনে করে, ঐ সকল লোক তাদের দেশে বসবাস করে, আর তারা তাদের দেশে যেকোন আইন পাস করতে পারে, যেকোন নিয়ম জারি করতে পারে। শুধুমাত্র উক্ত আইনটি অধিকাংশ পার্লামেন্ট সদস্যদের সম্মতিতে হলেই হয়।

এর উদাহরণসমূহের মধ্যে একটি হল, ড. মূসা আবু মারযুকের ঘটনা, যাকে হামাসের জন্য অর্থ জোগানোর অভিযোগে আমেরিকায় কারাবন্দী করা হয়। এমনিভাবে আবু মাহমুদ আস-সুরীর ঘটনা, যিনি চেচেন জনগণের জন্য অর্থ যোগানের অভিযোগে এখনো পর্যন্ত আমেরিকার কারাগারে বন্দী আছেন।

আরো একটি বিস্ময়ের ব্যাপার হল, আমেরিকা মনে করে, হামাস ও অন্যান্য জিহাদী দলগুলো সন্ত্রাসী গ্রুপ। তাদের জন্য অনুদানের অর্থ জোগাড় করা বৈধ নয়। যে এমনটা করবে তাকে জেলে ভরা হবে বা শাস্তি দেওয়া হবে। অথচ তারা তাদের দেশে বসবাসকারী মুসলিমদের থেকে জোর করে বলপূর্বক অর্থ নেওয়াকে নিজেদের জন্য বৈধ মনে করে, যেটা তারা প্রকাশ্যে ইসরাঈলের স্বার্থে এবং মুসলিমদের বিরুদ্ধে অপরাধযজ্ঞ সংঘটন, তাদেরকে হত্যা ও তাদের দেশে আগ্রাসন চালানোর কাজে ব্যয় করে। তাহলে এটা কোন আমান?

বরং এর থেকেও আরো জঘন্য হল, তারা ইসরাঈলের জন্য অনুদান সংগ্রহ করাকে মহা পূণ্যের কাজ মনে করে। এক্ষেত্রে তারা পরস্পর প্রতিযোগীতা করে।

এই ভিসা অনুযায়ী একজন মুসলিম কি তার দ্বীনের ব্যাপারে নিরাপদ?

(ক) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালি দেওয়া একজন মুসলিমের দ্বীন ও আকিদার উপর প্রলয়ংকারী আক্রমণ ও সীমালঙ্ঘন। আমেরিকা ও ব্রিটেনের মত রাষ্ট্রগুলো শুধু নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালি

দেওয়ার অনুমতিই দেয় না, বরং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের গালিদাতাকে সম্মানিত করে, তাকে বাহাদুরদের মধ্যে একজন বাহাদুর বলে গণ্য করে। যেমন সালমান রুশদীকে ব্রিটেন ও অন্যান্য দেশে একাধিক পুরস্কার দেওয়া হয়। বিল ক্লিনটন তাকে হোয়াইট হাউসে অভ্যর্থনা জানায়। ব্রিটেনের রাণী তাকে ‘নাইট’ উপাধি প্রদান করে।

অথচ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালিদান সকল আমান বাতিল করে দেয়। যার সম্পর্কে আলোচনা কিতাবের পরিশিষ্টে আসবে ইনশাআল্লাহ।

পশ্চিমা সরকার ও জনগণ মনে করে, যেকোন লেখক বা নাট্যকার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে বিদ্রূপ করতে পারে। যেমনটা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে ব্যঙ্গকারী কার্টুনে হয়েছিল। যেটা কয়েকটি পশ্চিমা দেশে প্রকাশিত হয়েছে। ঐ সমস্ত দেশের সরকার এ সমস্ত অপরাধীদের ব্যাপারে গ্রেপ্তারের পরওয়ানা জারি করতেও রাজি নয়।

আর কোন সম্প্রদায়ের কিছু লোক চুক্তি ভঙ্গ করলে আর বাকিরা তাদের সমর্থন করলে, সকলের নিরাপত্তাই বাতিল হয়ে যায় এবং সকলের বিরুদ্ধে যুদ্ধ করা হয়। যেমনটা সামনে আসবে ইনশাআল্লাহ।

যদি বলা হয়, মুসলমানদের ইতিহাসে তো এমন অনেক ঘটনা আছে, যেখানে মুসলিমগণ আমান (নিরাপত্তা) নিয়ে দারুল হরবে প্রবেশ করেছেন, অথচ তারা জানতেন যে, সেখানে ইসলাম ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে গালিদানকারী লোক আছে? তাহলে উত্তর হবে: **হ্যাঁ। কিন্তু তাদের উক্ত গালি দানকারীদেরকে হত্যা করার অধিকারও ছিল।** যদিও তারা সেই ভিসা সংগ্রহ করুক না কেন, যেটাকে আমরা নিরপত্তা বলে মানি না। এমনকি যদি তারা বিশুদ্ধ, পরিস্কার ও শরয়ীভাবে গ্রহণযোগ্য নিরাপত্তা চুক্তিও করে তথাপিও। যেমনটা সামনে আমরা আলোচনা করব ইনশাআল্লাহ।

তাই যেকোন মুসলিম, যদি ভিসা বা তার থেকে স্পষ্ট কোন নিরাপত্তা নিয়েও প্রবেশ করে, তবুও তার জন্য সালমান রুশদী বা ঐ সকল কার্টুন নির্মাণকারীদেরকে হত্যা করা জায়েয হবে, যারা ভিসা বা নিরাপত্তা চুক্তি বা প্রতিশ্রুতির প্রতি কোনরূপ লক্ষ্য করা ব্যতিত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে নিয়ে বিদ্রূপ করেছে।

আর এ হুকুম শুধু গালিদানের সাথে সরাসরি জড়িত লোকদের ক্ষেত্রেই প্রযোজ্য নয়, বরং এতে অংশগ্রহণকারী প্রতিটি প্রত্যক্ষ্য ও পরোক্ষ উপাদান পর্যন্ত এ হুকুম বিস্তৃত হবে। আল্লাহর সাহায্যে তার বিস্তারিত আলোচনা সামনে আসবে ইনশাআল্লাহ।

অর্থাৎ যদি পুরো একটি রাষ্ট্র বা একটি দেশের সমস্ত জনগণ মিলেও এই গালিদানে লিপ্ত হয় অথবা সকলে অংশগ্রহণ করে বা সকলে ঐক্যমত্য পোষণ করে, তবে একজন মুসলিমের জন্য তাদের সকলের মোকাবেলা করা জায়েয। আর তার মাঝে ও ঐ সংগঠনের মাঝে যেকোন ধরণের নিরাপত্তা চুক্তি বাতিল হয়ে যাবে। চাই ওই নিরাপত্তা চুক্তি ভিসা হোক (যেটাকে আমরা নিরাপত্তা চুক্তি বলে মানি না।) অথবা অন্য কোন পদ্ধতির নিরাপত্তা চুক্তি হোক।

(খ) বর্তমানে বিদ্যমান সন্ত্রাসবিরোধী আইন, শুধু সন্ত্রাসের প্রতি উদ্বুদ্ধ করার কারণেও ধরপাকড় করে। অর্থাৎ সীমালঙ্ঘনকারীদের বিরুদ্ধে মুসলিমদেরকে জিহাদ করার আহ্বান করাই শাস্তিযোগ্য অপরাধ।

(গ) পশ্চিমে বসবাসকারী কোন মুসলিম কুরআনে বর্ণিত ইহুদীদের বৈশিষ্ট্যগুলো প্রকাশ্যে বর্ণনা করতে পারবে না। অন্যথায় তাকে সেমেটিকদের বিরুদ্ধে শত্রুতার (অ্যান্টি সেমিটিসম) অভিযোগে কারারুদ্ধ করা হবে।

(ঘ) যেকোন দেশের মুসলিমদের উপর সীমালঙ্ঘন করা মানে সর্বস্থানের মুসলিমদের উপর সীমালঙ্ঘন করা। আর সামনে এই আলোচনা আসবে যে,

মুসলমানদের উপর সীমালঙ্ঘন নিরাপত্তা তথা আমান বাতিল করে দেয়। যেমন আলোচনা আসবে যে, যখন হারবীরা মুসলিমদের কোন দলকে বন্দী করবে, তখন দারুল হারবে নিরাপত্তা গ্রহণ করে অবস্থানরত মুসলিদের নিরাপত্তা বাতিল হয়ে যাবে।

(ঙ) যেকোন দূতাবাসে ভিসার আবেদন করতে গেলে অনেকগুলো শর্ত সংবলিত একটি ফরম পূরণ করতে হয়। তার শেষে এই প্রতিশ্রুতি দিয়ে স্বাক্ষর নেওয়া হয় যে, এ সকল কথা সঠিক। **অথচ তার কোন একটি ধারাও দূতাবাসের সংশ্লিষ্ট রাষ্ট্র থেকে বা ভিসা প্রত্যাশী থেকে নিরাপত্তার প্রতিশ্রুতি নেওয়ার ব্যাপারে নেই। এমনকি তারা তাদের আইন মেনে চলবে কি না সেটার কথাও উল্লেখ নেই।**

(চ) আর এ কথা বলা যে, ভিসা বহনকারী ব্যক্তি ভিসা প্রদানকারী রাষ্ট্রের সকল অনিষ্ট থেকে নিরাপদ থাকার বিষয় প্রচলনগত- এর জবাব হল, ইতিপূর্বে **উল্লেখকৃত উদাহরণগুলো এর বিপরীত অবস্থার দলিল**।

(ছ) এমনকি যদি আমরা মেনেও নেই যে, ভিসা একটি পারস্পরিক নিরাপত্তা চুক্তি, তবুও এই চুক্তি বাতিল হয়ে যাবে। কারণ তারা যে নিরাপত্তাচুক্তি প্রদান করে, তা ঐ সমস্ত শরীয়ত বিরোধী কানুন থেকে মুক্ত থাকে না, যেগুলো তারা তাদের মাঝে বসবাসকারী বা প্রবাস যাপনকারীদের উপর আরোপ করে থাকে। এমনিভাবে তাদেরকে ট্যাক্স দেওয়ার শর্ত থেকেও মুক্ত থাকে না। আর তাদেরকে ট্যাক্স দেওয়ার মাঝে মুসলিমদের উপর সীমালঙ্ঘনে তাদেরকে সাহায্য করা হয়। যেই তাদের দেশে সফর করে, সেই সফরের পুর্বে এটা জানতে সক্ষম।

তাই আমরা যদি মেনেও নেই যে, সে সন্তুষ্টিক্রমে এর উপর চুক্তি করেছে, তাহলে উত্তর হল, সে গুরুতর গুনাহে লিপ্ত হয়েছে। বাধ্য ও বলপ্রয়োগের শিকার হওয়া ব্যতিত তাদেরকে ট্যাক্স দেওয়া জায়েয নেই। সন্তুষ্টি ও চুক্তির মাধ্যমে এটা দেওয়া জায়েয নেই। এ হিসাবে পশ্চিমা দেশে ভ্রমণকারী বা

সেখানে বসবাসকারী প্রত্যেকেই ভিসা গ্রহণের মাধ্যমে মহা গুনাহে লিপ্ত হয়। পক্ষান্তরে আমরা যদি ধরি, ভিসা হল শুধু অতিক্রম করা ও প্রবেশ করার অনুমতি। সেক্ষেত্রে এটার আবেদন করাতে এসকল ফলাফলগুলো আবর্তিত হয় না।

ইবনে হাযম রাহিমাহুল্লাহ কে দারুল হরবে ব্যবসা করা সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি বলেন:

"মাসআলা ১৫৬৮: *যদি মুসলিম ব্যবসায়ীগণ দারুল হরবে প্রবেশ করলে সেখানে লাঞ্ছিত হয় এবং তাদের উপর কাফেরদের বিধি-বিধান প্রয়োগ করা হয়, তাহলে তাদের জন্য দারুল হরবে ব্যবসা করা হারাম। তাদেরকে এ থেকে নিষেধ করা হবে। আর এমন না হলে আমরা এটাকে শুধু মাকরুহ মনে করব। তবে আর তাদের সাথে বেচা-কেনা জায়েয হবে। তবে যে সব বস্তু দ্বারা তারা মুসলিমদের বিরুদ্ধে শক্তি অর্জন করবে, যেমন অস্ত্র, লৌহ বা এজাতীয় দ্রব্য, এধরণে কোন কিছু তাদের নিকট বিক্রয় করা আদৌ জায়েয হবে না।*

আল্লাহ তা'আলা বলেন:

وَلَا تَهِنُوا وَلَا تَحْزَنُوا وَأَنْتُمُ الْأَعْلَوْنَ إِنْ كُنْتُمْ مُؤْمِنِينَ

"(হে মুসলিমগণ!) তোমরা হীনবল হয়ো না এবং চিন্তিত হয়ো না। তোমরা প্রকৃত মুমিন হলে তোমরাই বিজয়ী হবে।" (আলে ইমরান:১৩৯)

তাই তাদের নিকট এমনভাবে প্রবেশ করা, যাতে প্রবেশকারীর উপর তাদের বিধি-বিধান জারি হয়, এটা দুর্বলতা, হীনমন্যতা ও সন্ধির আহ্বান। এটা হারাম। আল্লাহ তাআলা আরো বলেন:

وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ

"তোমরা গুনাহ ও জুলুমের কাজে একে অন্যের সহযোগীতা করবে না।" (মায়িদা:২)

তাই তাদেরকে বেচা-কেনা বা অন্য যেসকল মাধ্যমে তারা মুসলিমদের উপর শক্তিশালী হয়, সেগুলোর মাধ্যমে শক্তিশালী করাও হারাম। যে এমনটা করবে, তাকে দৃষ্টান্তমূলক শাস্তি দেওয়া হবে এবং অতি দীর্ঘ সময় ধরে তাকে আটক রাখা হবে।"[৩]

(জ) তারপর কথা হল, যদি ভিসা নিরাপত্তা হয়, তাহলে চুক্তি তো দুই/তার অধিক পক্ষের মাঝে হয়। আর যারা এটাকে চুক্তি মনে করে, সে অবস্থায় এ চুক্তিটা হয় ভিসা গ্রহণকারী ব্যক্তি ও ভিসা প্রদানকারী রাষ্ট্রের মাঝে। আর তাদের কথা অনুযায়ী এটা উভয়পক্ষের উপরই কিছু নিয়ম-কানুন আবশ্যক করে। যখন এক পক্ষ ঐ সকল নিয়ম-কানুনের কোনটা লঙ্ঘন করে, তখনই চুক্তি বাতিল হয়ে যায়। লেখক ভিসা বহনকারীর কর্তব্যগুলো সম্পর্কে কথা বলেছেন, কিন্তু ভিসা প্রদানকারী রাষ্ট্রের কর্তব্য এবং যারা এটাকে চুক্তি মনে করে, তাদের মতে এটা ভঙ্গ করলে কী ফলাফল হবে সে সম্পর্কে কোন কথা বলেননি!

ইমাম মুহাম্মদ ইবনুল হাসান আশ-শায়বানী রাহিমাহুল্লাহ কাফেররা মুসলিম বন্দীদেরকে নিরাপত্তা দেওয়ার পর গাদ্দারি করলে তার সম্পর্কে সম্পর্কে বলেন:

"৭৮৪- যদি কাফিরদের কোন দল মুসলিম বন্দীদের সাক্ষাত পায় আর তাদেরকে বলে: তোমরা কারা? জবাবে তারা বলে, আমরা ব্যবসায়ী লোক যারা তোমাদের লোকদের থেকে নিরাপত্তা নিয়ে প্রবেশ করেছি, অথবা বলে, আমরা খলীফার দূত - তাহলে এমন বলা মুসলিমদের জন্য ঐ কাফিরদের

৩ আলমুহাল্লা- ৯/৬৫

কাউকে হত্যা করা জায়েয হবে না। কারণ তারা যা প্রকাশ করেছে, তা নিরাপত্তা গ্রহণের স্বাভাবিক দলিল। সুতরাং এর কারণে তারা মুস্তামিন (নিরাপত্তা গ্রহণকারী) বলে বিবেচিত হবে। তাই এরপর আর তাদের জন্য তাদের সাথে গাদ্দারি করা জায়েয হবে না, যদি না হরবীরা তাদের পথে বাঁধা হয়ে দাঁড়ায়।

৭৮৫- অত:পর যদি আহলুল হারব জানতে পারে যে তারা বন্দী। ফলে তাদেরকে গ্রেপ্তার করে। অত:পর মুসলিমরা তাদের থেকে পলায়ন করে চলে যায়। তখন এসকল মুসলিমদের জন্য তাদের বিরুদ্ধে যুদ্ধ করা এবং তাদের মাল ছিনিয়ে নেওয়া জায়েয আছে।

কারণ কাফিররা পরে যা করেছে (মুসলিমদের বন্দী করা), তা দ্বারা নিরপত্তাচুক্তি বাতিল হয়ে যায়।

যেমন আমরা দেখতে পাই যে, যদি দারুল হারবের বাদশা তাদের সাথে গাদ্দারি করে, তাদের সম্পদ ছিনিয়ে নেয় এবং তাদেরকে বন্দী করে, অত:পর বন্দী মুসলিমরা পালিয়ে যায়, তখন তাদের জন্য আহলুল হারবের সাথে যুদ্ধ করা এবং তাদের সম্পদ ছিনিয়ে নেওয়া জায়েয আছে। যেহেতু এটা বাদশার পক্ষ থেকে চুক্তিভঙ্গ বলে গণ্য।

৭৮৬- এমনিভাবে **যদি কোন লোক বাদশার আদেশে বা তার জ্ঞাতসারে তাদের সাথে এমন আচরণ করে আর বাদশা তাকে তা থেকে বাঁধা না দেয়, তাহলেও একই হুকুম।** কারণ নির্বোধকে নিষেধ না করা মানে আদেশ করা।

পক্ষান্তরে যখন তারা তাদের আমির বা জামাতের অজান্তে এমনটা করে, তখন মুস্তানমিনদের জন্য এদের কাজের কারণে তাদের কওমের নিরাপত্তা লঙ্ঘন করা জায়েয হবে না। ”[৪]

---

৪ আসসিয়ারুল কাবির- ২/৫১০-৫১১

(ঝ) যদি বলা হয়, আপনি যা কিছু উল্লেখ করলে, আমরা তার সব কিছুই মেনে নিলাম যে, কাফেররা ভিসা নিয়ে প্রবেশকারীর জান মাল ও পরিবারের উপরও আক্রমণ করে। কিন্তু যে ভিসা নিয়ে তাদের কাছে যায়, সে তো পূর্ব থেকেই এগুলো জানে এবং সে এগুলো মেনেও নেয়। সুতরাং এটা তার মাঝে এবং উক্ত দেশের মাঝে অঘোষিত একটি সামাজিক চুক্তি। তাই তা রক্ষা করা আবশ্যক?

তার উত্তর হল: তাহলে আপনাদের কথা দ্বারাই বুঝা যায় যে, যে বিষয়ের উপর চুক্তি হয়েছে, সেটা ঐ নিরাপত্তাচুক্তি বা আমান নয়, যেটা ফুকাহাদের মাঝে পরিচিত। বরং এটা হল এমন একটি অবস্থা যখন একজন মুসলিম নিজের জান, মাল, পরিবার ও দ্বীনের ব্যাপারে হুমকির সম্মুখীন থাকে। **আর আপনাদের এই স্বীকারোক্তিই ভিসা নিরাপত্তাচুক্তি হওয়ার সকল দৃষ্টিভঙ্গিকে বাতিল করে দেয়। সুতরাং এখানে কোন নিরাপত্তা চুক্তি হয় না আর একারণে এর মোকাবেলায় মুসলমানের পক্ষ থেকেও নিরাপত্তা দেওয়ার বিষয়টি আবশ্যক নয়। তাই যেমনিভাবে তারা মুসলিমদেরকে জান, মাল, ইজ্জত ও দ্বীনের ব্যাপারে হুমকির মধ্যে রেখেছে, তেমনিভাবে মুসলিমদের জন্যও তাদেরকে হুমকির মধ্যে রাখা বৈধ।**

(ঞ) এখন যদি বলা হয় যে, আপনি যা উল্লেখ করলেন, তথা ভিসার বহনকারী মুসিলমদের উপরও সর্বপ্রকার আক্রমণ হয়, এটা তো যারা তাদের দেশের বসবাস করে, তাদের ক্ষেত্রে হয়। পক্ষান্তরে সেখানে সামান্য অবস্থানকারী মুসাফিরের ক্ষেত্রে তো এসকল বিষয় হয় না।

তার উত্তর:

(১) আমি যে সমস্ত আক্রমণগুলোর কথা বলেছি, তার অধিকাংশগুলোর ক্ষেত্রেই দীর্ঘকালীন অবস্থান আর স্বল্পমেয়াদে অবস্থানের মাঝে কোন পার্থক্য নেই। বিশেষ করে কারারুদ্ধ করা বা নির্বাসন দেওয়ার ক্ষেত্রে।

(২) আমি শায়খ আবু হাজের আল-ইরাকী, শায়খ মুহাম্মদ আলমুআইয়াদ ও শায়খ মুহাম্মদ আন-নাফে সুদানী (আল্লাহ তাকে কারামুক্ত করুন!) এর উদাহরণ পেশ করেছি। এদেরকে তাদের দেশে প্রবেশের সাথে সাথেই বা সামান্য সময়ের মধ্যেই গ্রেপ্তার করা হয়ছে। আর কারো কারো ক্ষেত্রে গ্রেপ্তারের সুবিধার জন্য কিছুটা সময় অপেক্ষা করা হয়েছিল।

(৩) তারপর প্রশ্ন হল, দীর্ঘ অবস্থানাকারীর উপর আক্রমণ করা বৈধ আর স্বল্পমেয়াদে উপর আক্রমণ করা বৈধ নয়, এমন কোন নিয়ম আছে কি?

(ট) যারা ভিসাকে নিরাপত্তা মনে করেন, তাদেরকে আমি আবেদন করব, তারা আমেরিকা বা পশ্চিমা সংবিধান বা আইন-কানুনের একটি ধারা উল্লেখ করুন, যার দ্বারা একথা বুঝা যায় যে ভিসা বহনকারীর জান, মাল, ইজ্জত ও দ্বীনের উপর কোন ধরণের সীমালঙ্ঘন করা বৈধ নয় এবং সে তার সাথে বহনকৃত ভিসার কারণে তাদের ঐ সমস্ত আইন-কানুন থেকে নিরাপদ, যেগুলো বিভিন্ন প্রকার জুলুমকে বৈধতা দিয়েছে, যেমন আমি এর আগে উদাহরণে উল্লেখ করেছি। আর এক্ষেত্রে অন্য কোন আইনের ভূমিকা নেই এবং যদি তারা ভিসা বহনকারী থেকে কোন বিপদের আশঙ্কা করে, তবে তাদের শুধু এতটুকু অধিকারই আছে যে, তাকে তাদের দেশ থেকে বের করে দিবে। তথাপি তার ইচ্ছায়, তাদের নিজেদের সিদ্ধান্ত মোতাবেক নয়?

(ঠ) শরীয়তের সাধারণ মূলনীতি হল, **কাফেরদের রক্ত ও সম্পদ আমাদের জন্য হালাল**। শুধুমাত্র সন্ধি বা নিরাপত্তা চুক্তি বা যিম্মাচুক্তির অধিনে তা সংরক্ষিত ও হারাম হতে পারে। কারণ শত্রুর দেশ হল যুদ্ধ, দখলদারি ও অবাধে ব্যবহার করার দেশ।[৫]

তাই যে দাবি করবে ভিসা নিরাপত্তা চুক্তি, তার এ ব্যাপারে পরিস্কার, স্পষ্ট ও বিরোধমুক্ত দলিল পেশ করতে হবে। অন্যথায় মূল অবস্থাই বহাল থাকবে।

---

৫ আসসিয়ারুল কাবির ও তার শরাহ- ১/৩৫৫, ৩/৯১৫, আসসাইলুল জারার- ৪/৫৫১

যদি আমরা মেনেও নেই যে, ভিসা একটি নিরাপত্তা চুক্তি, তাহলে আরেকটি প্রশ্ন হল, কাফেরের পক্ষ থেকে মুসলিমের নিরাপত্তা থাকার কারণে কি মুসলিমের পক্ষ থেকেও কাফেরের নিরাপত্তা থাকা আবশ্যক হয়?

এ মাসআলায় ফুকাহাদের দু'টি মত রয়েছে। লেখক ইলমী আমানত রক্ষা না করে শুধুমাত্র একটি মত উল্লেখ করেছেন।

(ক) প্রথম মত: এটা হল জুমহুর (ব্যাপক সংখ্যক) ফুকাহায়ে কেরামের অভিমত। তা হল, কেউ নিরাপত্তা নিয়ে দারুল কুফরে প্রবেশ করলে কাফেররাও তারা থেকে নিরাপত্তার মধ্যে থাকবে।

ইমাম শাফেয়ী রাহিমাহুল্লাহ বলেন: "যখন কোন মুসলমান দল নিরাপত্তানামা নিয়ে কাফেরদের দেশে প্রবেশ করে, তখন সে উক্ত দেশ ত্যাগ করা বা নিরাপত্তার মেয়াদ পূর্ণ করার আগ পর্যন্ত শত্রুরাও তার থেকে নিরাপত্তার মধ্যে থাকে। তাদের জন্য তাদের উপর আক্রমণ করা বা তাদের সাথে গাদ্দারি করা জায়েয নেই।

যদি শত্রুরা মুসলিমদের নারী ও শিশুদেরকে বন্দী করে, তথাপি আমি তার জন্য শত্রুদের সাথে গাদ্দারি করা পছন্দ করি না। বরং আমি তাদের জন্য এটাই পছন্দ করি যে, তারা তাদের নিরাপত্তা ফিরিয়ে দিবে এবং তাদের চুক্তি সরাসরি ও প্রকাশ্যভাবে তাদের দিকে ছুড়ে মারবে। এটা করার পর মুসলিমদের নারী ও শিশুদের জন্য তাদের বিরুদ্ধে যুদ্ধ করবে।"[৬]

---

৬ আল-উম্ম- ৪/২৬৩

তিনি আরও বলেন:

"যখন কোন মুসলিম লোক নিরাপত্তা নিয়ে দারুল হরবে প্রবেশ করে, অত:পর সেখানে নিজের স্ত্রীকে অথবা অন্য কোন মুসলিমের স্ত্রীকে বা নিজের সম্পদ অথবা অন্য কোন মুসলিমের সম্পদ দেখতে পায়, যেগুলো মুশরিকরা তাদের থেকে ছিনতাই করে নিয়েছিল, **তাহলে এদেরকে নিয়ে বের হয়ে যেতে পারবে। এই হিসাবে যে এগুলো শত্রুর মালিকানাধীন নয় এবং যদি তারা এ অবস্থায় ইসলাম গ্রহণ করত, তাহলেও এগুলো তাদের হত না। তাই এটা খেয়ানত ও গাদ্দারি নয়। যেমন, যদি এমন কোন মুসলিমের উপর কর্তৃত্ব প্রতিষ্ঠা হত, যে অন্য কোন মুসলিমের মাল ছিনতাই করেছে, ফলে সে উক্ত তার অজ্ঞাতসারে উক্ত মাল নিয়ে তার মালিকের নিকট সোপর্দ করে, তাহলে এটা খেয়ানত হত না। খেয়ানত হল, যেটা গ্রহণ করা বৈধ নয়, সেটা গ্রহণ করা।**

কিন্তু যদি সে কাফেরদের কোন সম্পদের উপর কর্তৃত্বশীল হয়ে যায়, তাহলে তার কিছুই নেওয়া তার জন্য বৈধ হবে না। চাই তা কম হোক বা বেশি হোক। কারণ যখন সে তাদের থেকে নিরাপত্তার মধ্যে থাকে, তখন তারাও তার থেকে নিরাপত্তার মধ্যে থাকে।"[৭]

আদ-দুররুল মুখতারের লেখক বলেন:

"মুস্তামিন তথা নিরাপত্তা প্রার্থীর মাসআলা - সে হল, যে অন্য দেশে নিরাপত্তা নিয়ে প্রবেশ করে, চাই সে মুসলিম হোক বা কাফের হোক। কোন মুসলিম দারুল হরবে নিরাপত্তা নিয়ে প্রবেশ করেছে, তাহলে তার জন্য হারবীদের রক্ত, সম্পদ ও ইজ্জতের উপর কোনরূপ হস্তক্ষেপ করা হারাম।"[৮]

---

৭ আলউম্ম- ৪/২৮৪

৮ আদ-দুররুল মুখতার- ৪/১৬৬

ইবনে কুদামা রাহিমাহুল্লাহ্ বলেন, “মাসআলা: যে শত্রু দেশে আমান নিয়ে প্রবেশ করে, সে তাদের সম্পদের ক্ষেত্রে তাদের সাথে কোনরূপ গাদ্দারী করতে পারবে না বা তাদের সাথে সুদি লেন-দেনও করতে পারবে না।

....

আর তাদের সাথে খেয়ানত করা হারাম। কারণ তারা তাকে শর্তযুক্ত নিরাপত্তা দিয়েছে, যে শর্ত লঙ্ঘন করলে তাদের সাথে বিশ্বাসঘাতকা করা হবে এবং যেহেতু এতে তার পক্ষ থেকেও তাদেরকে নিরাপত্তা দেওয়া হয়েছে। এটা যদিও শব্দের মধ্যে উল্লেখ নেই, কিন্তু অর্থগতভাবে এটা জানাশোনা। এজন্য **কাফেরদের কেউ যদি আমাদের দেশে নিরাপত্তা নিয়ে আসার পর আমাদের সাথে বিশ্বাসঘাতকতা করে, তাহলে সে প্রতিশ্রুতিভঙ্গকারী হবে।**

তাই যখন এটা প্রমাণিত হল, তখন তার জন্য তাদের সাথে খেয়ানত করা জায়েয হবে না। কারণ এটা হল গাদ্দারী। আর আমাদের দ্বীনের মধ্যে গাদ্দারী করার কোন সুযোগ নেই।”[৯]

